



হালি ফ্যামিলি রোড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট

১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

ফোন : ৪৮৩১৭০৩১, ৪৮৩১৩২৩৪ web-www.hfrcmc.edu.bd

২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিডিএস কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিডিএস কোর্সে হালি ফ্যামিলি রোড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটে ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

প্রার্থীর যোগ্যতা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ও স্বাস্থ্য অধিদফতর কর্তৃক প্রকাশিত ফলাফলে বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন কেবলমাত্র সেই সকল ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ভর্তির আবেদনপত্র বিতরণ : ২৩/০৬/২০২২ খ্রিঃ হতে ০৩/০৭/২০২২ খ্রিঃ পর্যন্ত (সকাল ৮:০০টা থেকে বেলা ২:০০টা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতীত)। ফলাফলের ডাউনলোড কপি প্রদর্শন পূর্বক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এছাড়া, ওয়েবসাইট <https://www.hfrcmc.edu.bd> থেকে ফরম তুলে পূরণ করে নিম্নে উল্লেখিত সকল কাগজপত্রাদি সংযুক্ত করে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা কলেজের হিসাব বিভাগে জমা পূর্বক (অফেরতযোগ্য) আবেদনপত্র দাখিল করা যাবে।

আবেদনপত্র জমা দেয়ার তারিখ : ২৩/০৬/২০২২ খ্রিঃ হতে ০৩/০৭/২০২২ খ্রিঃ বেলা ২:৩০টা পর্যন্ত (উক্ত সময়ের পর কোন আবেদনপত্র জমা নেয়া হবে না)। আবেদনপত্রের সঙ্গে এসএসসি ও এইচএসসি পরীক্ষার সনদপত্র/প্রশংসাপত্র, মার্কশিট, নাগরিকত্ব সনদ/ জন্ম নিবন্ধন, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, ফলাফলের ডাউনলোড কপিসহ সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি ও ৪ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।

ভর্তির জন্য আবেদনকারী প্রার্থীদের A-Z তালিকা প্রকাশ : ০৬ জুলাই ২০২২ খ্রিঃ তারিখে কলেজের নোটিশ বোর্ডে এবং কলেজের ওয়েব সাইটে মেধাক্রম অনুযায়ী তালিকা প্রকাশ করা হবে। এছাড়া, ভর্তির বিজ্ঞপ্তি ও অন্যান্য তথ্যাদি কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ভর্তি : ১৪ জুলাই, ২০২২ খ্রিঃ হতে ২৮ জুলাই ২০২২ খ্রিঃ (সকাল ৮টা থেকে বেলা ২-০০টা পর্যন্ত)।

বিদেশী ছাত্রছাত্রী : বিদেশী ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য অধিদফতর, মহাখালী, ঢাকা এর নির্দেশনা ও নিয়ম অনুযায়ী ভর্তি করা হবে।

অধ্যাপক ডাঃ মোঃ দৌলতুজ্জামান
অধ্যক্ষ